DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:33 PM

সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়ায় ডাকাতদলের হামলায় নিহত ১

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ১৯ জুলাই ২০২৬, ১২:০০ PM



ছবি: প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার দেওদুনিয়া খাল থেকে এক জেলের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মাছ ধরার সময় ডাকাতদলের হামলায় তিনি নিহত হয়েছেন বলে দাবি করেছেন পরিবার।।

শনিবার (১৮ জুলাই) বিকেলের দিকে স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত আলী আহমেদ (৫৪) বিজয়নগর উপজেলার চরইসলামপুর ইউনিয়নের উত্তর রাজাবাড়ি গ্রামের ওলফত আলীর ছেলে বিজয়নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আহসান উল্লাহ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, শুক্রবার দিবাগত রাতে আলী আহমেদ ও তার ছেলে স্থানীয় লইসকা বিলে মাছ ধরছিলেন। এ সময় তিনটি ইঞ্জিনচালিত নৌকায়

করে একদল ডাকাত ওই এলাকা দিয়ে যাচ্ছিল। ডাকাতদের নৌকার দিকে টর্চলাইট জ্বালানোয় তারা ক্ষুব্ধ হয়ে এগিয়ে আসে। কথা-কাটাকাটির একপর্যায়ে আলী ও তার ছেলেকে মারধর করে পানিতে ফেলে দিয়ে নৌকা নিয়ে চলে যায় ডাকাত দল। আলীর ছেলে সাঁতরে কচুরিপানার মধ্যে আশ্রয় নিয়ে প্রাণে বাঁচেন।

ওসি আরও বলেন, ময়নাতদন্তের জন্য মরদেহ ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে। আরও তদন্তের পর ঘটনার প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে।

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




**শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার**
কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



**ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো**
ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-dakatdler-hamlay-niht-1